

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ২. ৫. ইসহাকের মিথ্যা কথন

ইবরাহীম (আ.)-এর দ্বিতীয় পুত্র ইসহাক (আ.) একজন প্রসিদ্ধ নবী বা ভাববাদী। বাইবেলের বর্ণনায় তিনিও অকাতরে মিথ্যা বলতেন। "পরে ইস্ছাক গরারে বাস করলেন। আর সেই স্থানের লোকেরা তাঁর স্ত্রীর বিষয়ে জিজ্ঞাসা করলে তিনি বললেন, উনি আমার বোন; কারণ, ইনি আমার স্ত্রী, এই কথা বলতে তিনি ভয় পেলেন, ভাবলেন কি জানি এই স্থানের লোকেরা রেবেকার জন্য আমাকে হত্যা করবে; কেননা তিনি দেখতে সুন্দরী ছিলেন।" (পয়দায়েশ ২৬/৬-৭, মো.-১৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14315

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন